

## নার্স করোনায় আক্রান্ত হতেই ছড়াল চাঞ্চল্য

দুরন্ত বার্তা, কোচবিহার, ৮ জুন : এবার কোচবিহার জেলার হলদিবাড়িতে করোনা আক্রান্তের হদিশ মিলল। তিনি হলদিবাড়ি শহরের পূর্বপাড়ার বাসিন্দা বলে জানা গিয়েছে। জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালের একজন স্টাফ নার্স হিসেবে তিনি কর্মরত। রবিবার তাঁর শরীরে করোনার সংক্রমণ ধরা পড়েছে। হলদিবাড়িতে এই প্রথম করোনা আক্রান্তের হদিশ মিলল। এদিকে তাঁর স্বামী শহরের একটি রেশনের দোকান চালান। স্ত্রীর সঙ্গে তিনিও সংক্রমিত হলে গোষ্ঠী সংক্রমণের সম্ভাবনাও থেকে যাচ্ছে। এতেই আতঙ্কিত হলদিবাড়ির মানুষজন। ব্লক স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর, ওই স্বাস্থ্যকর্মী জলপাইগুড়ি সদর হাসপাতালে লেবার ওয়ার্ডের সিনিয়র

## বাজ পড়ে ফাটল বাড়ির ছাদে এলাকাজুড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৮ জুন : বজ্রপাতে দালান বাড়ির ছাদে ধরেছে ফাটল। বাড়ির একাংশ ভেঙে পড়েছে। দেওয়ালে যত্রতত্র ছোট-বড় ফাটল ধরেছে। আতঙ্কিত বাড়ির সদস্য থেকে এলাকাবাসী। ঘটনাটি ঘটে বাঁকুড়ার রতনপুর গ্রামে। রবিবার দুপুর নাগাদ এলাকায় শুরু হয় বিক্ষিপ্ত বৃষ্টি। বৃষ্টির পাশাপাশি একের পর এক বাজ পড়তে থাকে। আর সে সময় বাজ পড়ার বিকট শব্দে কান চাপা দেওয়া অবস্থা হয়। বাড়ির কর্তা তাপস ঘটক জানান খুব জোর বেঁচে গেলাম। এদিন দুপুর দুটো নাগাদ এক বিকট শব্দ হয়ে ওঠে। সেই সময় লক্ষ্য করি আলোকরশ্মির ঝলকানিও। আমার বাড়ির ছাদে দীপাবলি দেওয়া স্বর্গ বাতিসমূহ লাগানো ছিল। সেটা খোলা হয়নি। ওই বাতিসমূহে বাজটি পড়ে। মুহূর্তের মধ্য বাতিটিকে খণ্ড খণ্ড করে দেয়। ছাদের একাংশ ফাটল ধরেছে। গোটা বাড়ির বেশ কিছু স্থানে ভিন্ন ভিন্ন দেওয়ালে ফাটল ধরেছে। ঢালহিয়ের পাশে পলেস্তারা খসে পড়েছে। জাম্পার নামিয়ে রেখে ছিলাম বলে ইলেকট্রিকের ক্ষয়ক্ষতি সেরকম কিছু না হলেও একটি জলের পাম্প মেশিন নষ্ট হয়ে গেছে। এতো বড় ক্ষতি কি ভাবে সামাল দেবো বুঝতে পারছি না। এলাকার বাসিন্দা প্রিয়ান্বিতা দাস জানান, বাড়িতে বাচ্চা রয়েছে। বাজের তীব্রতা বেশ জোরালো ছিল। আমার মেয়ে আতঙ্কিত হয়ে কোলে ঢুকে পড়ে। পাশাপাশি ওই এলাকায় একাধিক বাড়িতেই ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানা যায়। রতনপুরের পাশের গ্রামে একটি গরু মারা গিয়েছে, পল্লীমঙ্গল সমিতির দুটি পাখা নষ্ট হয়ে গেছে, বহু বাড়িতেই ইনভার্টার ও বৈদ্যুতিক সরঞ্জাম বিকল হয়ে পড়েছে।

# ফের করোনায় আক্রান্ত মালদা মেডিকেল কলেজের এক নার্স

দুরন্ত বার্তা, মালদা, ৮ জুন : মালদা মেডিকেলের এক নার্স করোনা আক্রান্ত হলেন। এই ঘটনায় প্রবল আতঙ্ক ছড়িয়েছে শহরে। আক্রান্ত নার্সকে পুরাতন মালদার কোভিড হাসপাতালে ভর্তি করা হয়েছে। কিন্তু এই ঘটনায় মেডিকেল কর্তৃপক্ষের কর্মপদ্ধতি নিয়েও প্রশ্ন উঠেছে। এদিকে মেডিকেলের ভাইরোলজি বিভাগ থেকে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় জেলায় পাঁচজন করোনা সংক্রমিত হয়েছে। অর্থাৎ এনিয় জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা ২২৮। মালদা মেডিকেলের ভাইরোলজি বিভাগের তরফে জানা গিয়েছে, গতকাল সেখানে মোট ১৯৫১ জনের লালারসের নমুনা পরীক্ষা করা হয়। তার মধ্যে পাঁচজনের নমুনায় করোনার হদিশ মিলেছে। আক্রান্তদের মধ্যে তিনজন গাজোলের বাসিন্দা। একজন হবিবপুরের বাসিন্দা ও বাকি একজন মালদা মেডিকলে কর্মরত নার্স। মেডিকেল সূত্রে আরও জানা গিয়েছে, এখনও পর্যন্ত জেলায় ২১ হাজার ৯৬০ জনের লালারসের নমুনা পরীক্ষা করা হয়েছে। তারমধ্যে পজিটিভের সংখ্যা ৩৮২। বর্তমানে অপরিষ্কৃতি নমুনার সংখ্যা ৯৯৬। এই প্রথম মালদা শহরে করোনা সংক্রমিতের সন্ধান পাওয়া গেল। সংক্রমিত নার্স মালদা মেডিকেলের



### ADINATH BIO-LABS LIMITED

CIN: L24230WB1982PLC034492  
Regd. Office: 4, Netaji Subhas Road,  
1st Floor, Kolkata - 700 001  
Email: investors@adinathbio.com,  
Website: www.adinathbio.com

#### NOTICE

Notice is hereby given Pursuant to Regulation 29 read with Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, that a Meeting of Board of Directors of the Company will be held on Tuesday, 16th June, 2020 at 11:30 A.M. at its Registered Office at 4, N. S. Road, 1st Floor, Kolkata - 700 001, to consider and adopt the Audited Financial Results for the 4th quarter and year ended 31st March, 2020 and other matters as per agenda. Further, the trading window under SEBI (Prohibition of Insider Trading) Regulations, 2015 read with Code of Conduct framed by the Company for all designated persons and their relatives of the Company has been already closed 01/04/2020 and shall remain closed to 16/06/2020 (both days inclusive) for the purpose of announcement of aforesaid results. The intimation is also available on the website of the Company (www.adinathbio.com) and Stock Exchange website (www.cse-india.com) for further details.

By order of the Board  
For Adinath Bio-Labs Limited  
Kishan Singh

Place: Kolkata (Whole-Time Director)  
Date: 08.06.2020 DIN: 07526266

SHARE THE SLOWLY.COM LTD